# Times Today BD

সিনিয়র রিপোর্টার | জাতীয় | 04 June, 2025

মুজিবনগর সরকারের শীর্ষস্থানীয় নেতাদের মুক্তিযোদ্ধা স্বীকৃতি বাতিল বলে কয়েকটি সংবাদমাধ্যমে যে খবর প্রকাশিত হয়েছে তাকে 'ভিত্তিহীন' উল্লেখ করে ওইসব সংবাদমাধ্যমকে তাদের পাঠকের কাছে দুঃখ প্রকাশের আহ্বান জানিয়েছে প্রধান উপদেষ্টার প্রেস উইং।

আজ বুধবার দুপুরে রাজধানীর ফরেন সার্ভিস একাডেমিতে এক সংবাদ সম্মেলনে এ আহ্বান জানায় তারা।

এ সময় প্রধান উপদেষ্টার উপ-প্রেস সচিব আবুল কালাম আজাদ মজুমদার বলেন, 'ভুল সংবাদ প্রকাশের জন্য তাদের লাইসেন্স দেওয়া হয়নি। যারা ভুল কিংবা বিভ্রান্তিকর সংবাদ প্রচার করবে, সরকার তাদের বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করবে।'

সংবাদ সম্মেলনে প্রধান উপদেষ্টার প্রেস সচিব শফিকুল আলম বলেন, 'গুম কমিশন এখন পর্যন্ত এক হাজার ৮৩৭টি অভিযোগ পেয়েছে। যার মধ্যে এক হাজার ৩৫০টি অভিযোগ যাচাই-বাছাই শেষ হয়েছে।'

আগামীকাল বৃহস্পতিবার গুম সংক্রান্ত প্রতিবেদনের সাতটি অধ্যায় জনসম্মুখে প্রকাশ করা হবে বলেও জানান তিনি।

শফিকুল আলম বলেন, 'গুমের ঘটনায় মূল কালপ্রিট ছিল র‍্যাব।র‍্যাবের ইন্টেলিজেন্স উইং এ ঘটনায় সবচেয়ে বেশি জড়িত। যারা গুমের সঙ্গে জড়িত ছিলেন তাদের বিচার বাংলাদেশের

মাটিতে হবে।

তিনি আরও বলেন, ‘গণভবনে যে বিশেষ মিউজিয়াম করা হচ্ছে, সেখানে গুমসংক্রান্ত লোমহর্ষক বিষয়ে হরর মিউজিয়াম বানানোর কথা বলেছেন প্রধান উপদেষ্টা।

আগামী ৯ জুন লন্ডন সফরে যাবেন প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস।বাংলাদেশ ব্যাংকের গভর্নর আহসান এইচ মনসুর এবং দুদক চেয়ারম্যান ড. মোহাম্মদ আবদুল মোমেন তার সফরসঙ্গী হবেন বলেও নিশ্চিত করেছেন প্রেস সচিব।

এ সময় উপ-প্রেস সচিব বলেন, ইতিমধ্যেই সরকার থেকে যে প্রজ্ঞাপনটি ইস্যু করা হয়েছে, সেটি শেয়ার করা হয়েছে।এটি মনোযোগ দিয়ে পড়লে নিজেরাই বুঝতে পারবেন, এই খবরটি ভিত্তিহীন।মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় আজকে একটি সংবাদ সম্মেলন করে তাদের নিজেদের অবস্থান ব্যাখ্যা করেছেন।

তিনি আরও বলেন, যেসব সংবাদমাধ্যম ভুল-বিভ্রান্তিকর সংবাদ প্রকাশ করেছেন, আমরা আশা করবো- তারা তাদের ভুলত্রুটি সংশোধন করবেন। যেখানে তারা ভুল সংবাদটি ছাপিয়েছেন, ঠিক একই জায়গায় সংশোধনী প্রকাশ করে পাঠকের কাছে দুঃখ প্রকাশ করবেন। যাদেরকে তারা এই ভুল সংবাদ দিয়ে বিভ্রান্ত করেছেন, তাদের কাছেও দুঃখ প্রকাশ করবেন।

আবুল কালাম আজাদ মজুমদার বলেন, নানা সময় আরও ভুল সংবাদ আসে।আমরা সঠিক তথ্য দিয়ে চেষ্টা করি, ভুল ধরিয়ে দিতে।বর্তমান অন্তর্বর্তী সরকার সংবাদমাধ্যমের স্বাধীনতার ব্যাপারে উদার।সমালোচনাকে আমরা স্বাগত জানাই।কিন্তু কখনোই কাউকে লাইসেন্স দেওয়া হয়নি, তিনি চাইলেই ভুল সংবাদ প্রচার করবেন।আর যারাই এখন থেকে ভুল সংবাদ প্রকাশ করবেন বা প্রচার করবেন, সরকার তাদের বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করবেন।

প্রেস সচিব ভুয়া প্রতিবেদন ভুল প্রেস উইং

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 15:22

URL: https://www.timestodaybd.com/national/3354375313